দৈনিক বাংলা

তারিখ ... 18.2.84 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 4 ...

0 034

# বিএ পরীক্ষা : ১৪টি কলেজ থেকে কেউ পাস করেনি

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৩ সালের বিএ পরীক্ষায় আট হাজার নয় শ' ২৫ জন পরীক্ষার্থীর মধ্যে মোট এক হাজার চারশ' ৯৯ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ১৭ দশমিক শূন্য ভাগ। গতকাল বিএ পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার ফল প্রকাশ করা হয়।

বিএ পরীক্ষায় কোন ছাত্রই প্রথম বিভাগে পাস করতে পারেননি। দু'শ ৮৮ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। মোট ১৪টি কলেজ হতে কোন ছাত্র কৃতকার্য হতে পারেননি।

বিএ সাবসিডিয়ারি পরীক্ষায় তিন হাজার একশ' ৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে এক হাজার আটশ' দশ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার ৫৭ দশমিক শূন্য ভাগ।